



সড়ক পরিবহনে মাফিয়াতন্ত্র ও চাঁদাবাজি বন্ধের আহ্বান রিজভীর



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

সড়ক পরিবহন খাতে দীর্ঘদিনের নৈরাজ্য ও চাঁদাবাজি বন্ধ করে মানুষের জন্য স্বস্তিদায়ক পরিবেশ তৈরির আহ্বান জানিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী। একই সঙ্গে পরিবহন খাতে মাফিয়াভিত্তিক নিয়ন্ত্রণ দূর করে আইনের শাসন প্রতিষ্ঠায় শ্রমিক ফেডারেশনের নতুন নেতৃত্বকে ভূমিকা রাখার আহ্বান জানান তিনি।

বৃহস্পতিবার (৮ অক্টোবর) সকালে বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে নতুন কমিটির নেতাদের নিয়ে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের এসব কথা বলেন রিজভী।

তিনি বলেন, সড়ক পরিবহন খাতকে ঘিরে গড়ে ওঠা মাফিয়াভিত্তিক নিয়ন্ত্রণ দ্রুত বন্ধে কার্যকর উদ্যোগ প্রয়োজন। নতুন নেতৃত্ব দীর্ঘদিনের অচলাবস্থা কাটিয়ে শ্রমিকদের স্বার্থ রক্ষা এবং যাত্রীসেবার মান উন্নয়নে কাজ করবে বলে আশা করেন তিনি।

রিজভী বলেন, নতুন চিন্তা ও উদ্যোগের মাধ্যমে পরিবহন খাতকে আধুনিক করা হবে। দীর্ঘদিনের বিশৃঙ্খলা দূর করে সড়ক পরিবহন ব্যবস্থাকে আইনের আওতায় আনার পাশাপাশি যাত্রীসেবায় পরিবর্তন আনা প্রয়োজন।

রাজনৈতিক পরিস্থিতি নিয়ে তিনি বলেন, রাজনীতিবিদরা দায়িত্বে এলে গত ১৭ বছরের নৈরাজ্যের স্থায়ী অবসান ঘটবে।

এর আগে জাতীয় সড়ক পরিবহন শ্রমিক সংগঠনের নতুন সভাপতি সাবেক সংসদ সদস্য নাজিম উদ্দিন আলম, কার্যকরী সভাপতি মোরতাজুল করিম বাদর ও সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম রাজুর নেতৃত্বে নেতাকর্মীরা ব্যানার ও মিছিল নিয়ে সমাধিতে আসেন। পরে রিজভী তাদের সঙ্গে নিয়ে জিয়াউর রহমান ও খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা জানান।